

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৫৭১৩

१७/ ि किंकि९ الطب)

পরিচ্ছেদঃ ৭৬/২১. রোগীর মুখে ঔষধ ঢেলে দেয়া।

بَابِ اللَّدُودِ

আরবী

عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ حَدَّقَنَا سُفْيَانُ عَنْ الزُّهْرِيِّ أَخْبَرَنِي عُبَيْدُ اللهِ بْنُ عَبْدِ اللهِ عَنْ أُمِّ قَيْسٍ قَالَتْ دَخَلْتُ بِابْنِ لِي عَلَى رَسُوْلِ اللهِ صلى الله عليه وسلم وَقَدْ أَعْلَقْتُ عَلَيْهِ مِنَ الْعُدْرَةِ فَقَالَ عَلَى مَا تَدْغَرْنَ أَوْلاَدَكُنَّ بِهِذَا الْعِلاَقِ عَلَيْكُنَّ بِهِذَا الْعُودِ الْهِنْدِيِّ فَإِنَّ فِيهِ الْعُدْرَةِ فَقَالَ عَلَى مَا تَدْغَرْنَ أَوْلاَدَكُنَّ بِهِذَا الْعِلاَقِ عَلَيْكُنَّ بِهِذَا الْعُودِ الْهِنْدِيِّ فَإِنَّ فِيهِ سَبْعَةَ أَشْفِيَةٍ مِنْهَا ذَاتُ الْجَنْبِ يُسْعَطُ مِنَ الْعُدْرَةِ وَيُلَدُّ مِنْ ذَاتِ الْجَنْبِ فَسَمِعْتُ الزُّهْرِيُّ يَقُولُ بَيَّنَ لَنَا اثْنَيْن وَلَمْ يُبَيِّنْ لَنَا خَمْسَةً.

قُلْتُ لِسُفْيَانَ فَإِنَّ مَعْمَرًا يَقُوْلُ أَعْلَقْتُ عَلَيْهِ قَالَ لَمْ يَحْفَظْ إِنَّمَا قَالَ أَعْلَقْتُ عَنْه " حَفِظْتُه " مِنْ فِي الزُّهْرِيِّ وَوَصَفَ سُفْيَانُ الْغُلاَمَ يُحَنَّكُ بِالإصْبَعِ وَأَدْخَلَ سُفْيَانُ فِي حَنَكِه " إِنَّمَا يَعْنِي رَفْعَ حَنَكِه " بِإِصْبَعِه " وَلَمْ يَقُلْ أَعْلِقُوا عَنْه " شَيْئًا.

বাংলা

৫৭১৩. উন্মু কায়স (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আমার এক পুত্র সন্তানকে নিয়ে নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গেলাম। ছেলেটির আলাজিহ্বা ফোলার কারণে আমি তা দাবিয়ে দিয়েছিলাম। তখন তিনি বললেনঃ এ রকম রোগ-ব্যাধি দমনে তোমরা নিজেদের সন্তানদের কেন কষ্ট দিয়ে থাক? তোমরা ভারতীয় চন্দন কাঠ ব্যবহার কর। কেননা, তাতে সাত রকমের নিরাময় আছে। তার মধ্যে পাঁজরের ব্যথা বা পক্ষাঘাত রোগ অন্যতম। আলাজিহ্বা ফোলার কারণে এটির ধোঁয়া নাক দিয়ে টেনে নেয়া যায়। পাঁজরের ব্যথার রুগী বা পক্ষাঘাত রুগীকে তা সেবন করানো যায়। সুফিয়ান বলেনঃ আমি যুহরীকে বলতে শুনেছি যে, তিনি আমাদের কাছে দু'টির কথা বর্ণনা করেছেন। আর পাঁচটির কথা বর্ণনা করেনিন।

বর্ণনাকারী 'আলী বলেনঃ আমি সুফ্ইয়ানকে বললাম মা'মার স্মরণ রাখতে পারেননি। তিনি বলেছেন الْعُلَقْتُ عَلَيْهِ আর যুহরী তো বলেছেন, عَنْهُ नम् দারা। আমি যুহরীর মুখ থেকে শুনে মুখস্থ করেছি। আর সুফ্ইয়ানের রিওয়ায়াতে তিনি ছেলেটির অবস্থার বর্ণনা দিয়েছেন যে, আঙ্গুল দিয়ে তার তালু দাবিয়ে দেয়া হয়েছে। এ সময় সুফ্ইয়ান নিজের তালুতে আঙ্গুল প্রবেশ করিয়ে দেখিয়েছেন অর্থাৎ তিনি তাঁর আঙ্গুলের দারা তালুকে তুলে



ধরেছিলেন। কিন্তু أَعْلِقُوا عَنْه شَيْبًا এভাবে কেউই বর্ণনা করেননি। [৫৬৯২] (আধুনিক প্রকাশনী- ৫২৯৫, ইসলামিক ফাউন্ডেশন- ৫১৯১)

English

Narrated Um Qais:

I went to Allah's Messenger () along with a a son of mine whose palate and tonsils I had pressed with my finger as a treatment for a (throat and tonsil) disease. The Prophet () said, "Why do you pain your children by pressing their throats! Use Ud Al-Hindi (certain Indian incense) for it cures seven diseases, one of which is pleurisy. It is used as a snuff for treating throat and tonsil disease and it is inserted into one side of the mouth of one suffering from pleurisy."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উম্মু কায়স বিনত মিহসান (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন